



খালেদা জিয়ার এমন সংকট আগে কখনও দেখেনি দেশ: জামায়াত আমির



সংগৃহীত ছবি

বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার বর্তমান শারীরিক অবস্থা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন জামায়াতে ইসলামী আমির শফিকুর রহমান। তাঁর ভাষায়, “এমন সংকটময় মুহূর্ত তিনি আগে কখনও পেরোননি।”

মঙ্গলবার (২ ডিসেম্বর) রাতে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে স্বল্প সময়ের জন্য তিনি খালেদা জিয়ার শয্যাপাশে যান। পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে তিনি বলেন, খালেদা জিয়া অত্যন্ত জটিল শারীরিক অবস্থার মধ্যে রয়েছেন। নিয়মিত ডায়ালাইসিস চলছে, চিকিৎসকরা তাকে ‘ডিপ সিচুয়েশনে’ বলে উল্লেখ করছেন।

জামায়াত আমির আরও জানান, “আমরা আল্লাহর রহমতেই ভরসা রাখি। আল্লাহ চাইলে অসুস্থকে সুস্থ করতে পারেন, মৃত প্রাণেও জীবন দিতে পারেন। তিনি যেহেতু এখনো লড়াই করে টিকে আছেন, আমরা আশা করি আল্লাহ চাইলে তিনি সুস্থ হয়ে ফিরে আসবেন।”

তিনি হাসপাতালে অবস্থান ও নিয়মকানুন নিয়েও বক্তব্য দেন, “হাসপাতালের নিয়ম সবারই মানা উচিত। আমি খুব কম সময়, প্রায় দেড় মিনিট, তাঁর পাশে থাকতে পেরেছি। তবুও নিজের চোখে দেখে আসতে পারা আমার জন্য কিছুটা স্বস্তি।”